**বিশেষ ঘোষণা**

৭৯ তম স্বাধীনতা দিবসের শুভেচ্ছা সকল "এই যুগ"সংবাদপত্রের পাঠক-পাঠিকা সহ সকল শুভানুধ্যায়ীদের। আজ স্বাধীনতা দিবসে অফিস ছুটি থাকায়, আগামীকাল ১৬ আগস্ট "এই যুগ" প্রকাশিত হবে না। আবার ১৭ আগস্ট থেকে "এই যুগ" প্রকাশিত হবে।

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

# EI YUG

**কবিতা / গল্প**

নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]


HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 15 AUGUST 2025 , FRIDAY | ১৫ আগস্ট ২০২৫ , শুক্রবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-364


## আলিপুরদুয়ারে কন্যাশ্রী দিবস উদযাপিত



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ আগস্ট : মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির স্বপ্নের কন্যাশ্রী দিবস উপলক্ষ্যে নানারকম অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে আলিপুরদুয়ার রবীন্দ্রভবনে এমনটাই জানা গেছে প্রশাসনিক সূত্রে বৃহস্পতিবার বিকেল পাঁচটা নাগাদ। এদিন আলিপুরদুয়ারের জেলাশাসক আর বিমলা পুলিশ সুপার ওয়াই রঘুবংশী সহ বিশিষ্টজনদের উপস্থিতিতে কন্যাশ্রী দিবস উদযাপিত হয়েছে। জেলাশাসক জানিয়েছেন কন্যাশ্রী দিবস শুধু আলিপুরদুয়ার কিংবা পশ্চিমবঙ্গ নয় গোটা ভারতবর্ষের মানুষ কন্যাশ্রী প্রকল্প নিয়ে সাধুবাদ জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে। কন্যাশ্রী প্রকল্পে উপকৃত হচ্ছেন হাজার হাজার পরিবার।

## ঊণ আশি তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে জেলা জুড়ে তল্লাশী পুলিশের



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ১৪ আগস্ট : জনগনের সুরক্ষা ও জেলার সার্বিক নিরাপত্তা বজায় রাখতে নিয়মিত নাশকতা বিরোধী তল্লাশী চালিয়ে থাকে কোচবিহার জেলা পুলিশ। দেশের ঊন আশি তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে বৃহস্পতিবার কোচবিহার জেলার সর্বত্র এবং কোচবিহার শহরের গুরুত্বপূর্ণ স্থানগুলিতে তল্লাশী অভিযান চালায় পুলিশ। এদিন কোচবিহার রাজবাড়ি, হাসপাতাল, পার্ক, বাজার এলাকাগুলিতে মেটাল ডিটেক্টর ও স্নিফার ডগ নিয়ে তল্লাশী চালানো হয় । পুলিশ সূত্রে জানানো হয়েছে স্বাধীনতা দিবসের প্রাক্কালে নাশকতামূলক গতিবিধি শনাক্ত ও প্রতিরোধ করতে এই তল্লাশী অভিযান। এই তল্লাশী অভিযানের মাধ্যমে জেলাবাসীর নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করাই লক্ষ্য।

## পদাতিক এক্সপ্রেসের ইঞ্জিন বিকল, দুর্ভোগে যাত্রীরা



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১৪ আগস্ট : শিয়ালদহ থেকে নিউ আলিপুরদুয়ার গামী পদাতিক এক্সপ্রেস ট্রেনটি ইঞ্জিন বিকল হওয়ায় বৃহস্পতিবার সকাল পৌনে দশটা নাগাদ বেলাকোবা ও রানীনগর স্টেশনের মাঝখানে দাঁড়িয়ে যায়। জানা গেছে জলপাইগুড়ি রোড স্টেশনে ঢোকার আগেই ট্রেনটির ইঞ্জিন বিকল হয়ে পড়ে। দুর্ভোগে পড়েন যাত্রীরা। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসেন রেল কর্মী, আর পি এফ,জি আর পি সহ রেলের আধিকারিকরা। দুঘন্টা দাঁড়িয়ে থাকার পর ট্রেনটিকে রানীনগর স্টেশনে নিয়ে আসা হয় ও সেখানে অন্য ইঞ্জিন লাগিয়ে ট্রেণটিকে নিউ আলিপুরদুয়ার এর উদ্দ্যেশ্যে রওনা করিয়ে দেওয়া হয়। দুঘন্টা দাঁড়িয়ে থাকায় বিপাকে পড়েন যাত্রীরা।

## সারা রাজ্যের সাথে মালদহে পালিত হলো কন্যাশ্রী দিবস



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ১৪ আগস্ট : সারা রাজ্যের সাথে বৃহস্পতিবার মালদহ টাউন হলে মালদহ জেলা প্রশাসনের উদ্যোগে পালিত হয় দ্বাদশ বর্ষ কন্যাশ্রী দিবস। এদিন কন্যাশ্রী অনুষ্ঠানের সূচনা করেন মালদহের জেলাশাসক নীতিন সিংহানিয়া। উপস্থিত ছিলেন পুলিশ সুপার প্রদীপ কুমার যাদব, অতিরিক্ত অনিন্দ্য সরকার,মালদহ জেলা পরিষদের সভাধিপতি লিপিকা বর্মন ঘোষ, বিধায়ক সাবিত্রী মিত্র, ইংরেজবাজার পৌরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দু চৌধুরী, পুরাতন মালদহ পৌরসভার চেয়ারম্যান কার্তিক ঘোষ সহ অন্যানরা। এদিন অনুষ্ঠানের শুরুতেই বিভিন্ন স্কুল কলেজের কন্যাশ্রী মেয়েরা নাচ, গান সহ বিভিন্ন অনুষ্ঠান পরিবেশন করে। পরে জেলা প্রশাসনের পক্ষ থেকে কন্যাশ্রী মেয়েদের পুরস্কৃত করা হয়। পাশাপাশি বিভিন্ন ক্ষেত্রে কৃতিত্বের অধিকারী কন্যাশ্রী মেয়েদের সম্মানিত করে ভবিষ্যতের কন্যাশ্রী দের কৃতিত্বের সাক্ষর রাখার ক্ষেত্রে উৎসাহিত করা হয়।

# বধুকে শারীরিক নির্যাতন ,স্বামীর জেল হেফাজত




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১৪ আগস্ট : শারীরিক নির্যাতন এবং মানসিক অত্যাচার করে সদ্য বিবাহিত গৃহবধূকে বাড়ি থেকে তাড়িয়ে দেওয়ার অভিযোগে গ্রেপ্তার হয়েছিলেন শামুকতলা এলাকার বাসিন্দা ফিরোজ আনসারী। বৃহস্পতিবার তাকে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হলে বিচারক তাকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। গত ১৫ ই জুন মুসলিম ধর্ম অনুযায়ী ফিরোজ আনসারী নকশাল বাড়ির বাসিন্দা বাবলি বেগমকে বিয়ে করেন। বিয়ের পর থেকেই তার উপর শারীরিক এবং মানসিক নির্যাতন চলে। নির্যাতন সহ্য করতে না পেরে জুলাই মাসের ২৭ তারিখ সে তার বাবার বাড়িতে চলে যায়। এরপরেই তার স্বামীর বিরুদ্ধে বধুর নির্যাতনের মামলা করে। পুলিশ বুধবার গভীর রাতে তাকে গ্রেফতার করে শামুকতলা থেকেই। বৃহস্পতিবার তাকে আদালতে তোলা হলে বিচারক তাকে জেল হেফাজতের নির্দেশ দেন।

# অটো দুর্ঘটনায় যুবতীর পা কাটা গেল ,মাঠে নামলো প্রমিলা বাহিনী



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ আগস্ট : শামুকতলা থানা অভিযান করলেন শামুকতলার প্রমীলা বাহিনী বৃহস্পতিবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ। গত তিনদিন আগে আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়কের পাইপলাইন এলাকায় ভয়াবহ দুর্ঘটনা ঘটে যাত্রীবাহী অটোকে অপর একটি অটো ধাক্কা দেওয়ার পর। ৬ জন গুরুতর আহত হয়েছেন এর মধ্যে শামুকতলা বড় মাঠ এলাকার যুবতী প্রিয়া পাল পাটনাতে চিকিৎসাধীন। তার একটি পা কেটে ফেলতে হয়েছে তাকে বাঁচাতে গিয়ে। ভয়াবহ সংঘর্ষের পর দুটি অটোকে আটক করেছে পুলিশ। আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়কে শতাধিক অটো যাতায়াত করে প্রতিদিন। অধিকাংশ অটোচালকের লাইসেন্স নেই তাছাড়া অটোর সঠিক কাগজ নেই তবুও দাপিয়ে বেড়াচ্ছে অটোচালকরা দিনের পর দিন প্রশাসনিক কর্তাদের নাকের ডোগা দিয়ে । বৃহস্পতিবার শামুকতলা থানা এলাকার মহিলারা জোটবদ্ধ হয়ে শামুকতলা থানার পুলিশকে লিখিত অভিযোগ জানিয়েছেন অটো চালকদের দৌরাত্ম বন্ধের জন্য। মহিলাদের কাছ থেকে জানা গেছে দিনের পর দিন অটো চালকদের দৌরাত্ম্য বেড়েই চলছে প্রশাসনিক কর্তাদের সামনেই। অতিরিক্ত যাত্রী বোঝাই করে যাতায়াত করছেন অটো চালকরা। ২৩ বছরের যুবতী প্রিয়া পাল পাটনাতে চিকিৎসাধীন। অবিলম্বে অটো চালকদের দৌরাত্ম্য বন্ধে প্রশাসন ব্যবস্থা না নিলে মহিলারাই পথে নামবেন হুঁশিয়ারি দিলেন পুলিশকে।

# কোহিনুর চা বাগানের তালা খুলে দিল তৃণমূল



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ আগস্ট : কোহিনুর চা বাগানের অফিসের তালা খুলে দিলেন তৃণমূলের শ্রমিক সংগঠন এমনটাই জানিয়েছেন তৃণমূলের শ্রমিক নেতা কেদার নেওয়ার বৃহস্পতিবার বিকেল তিনটে নাগাদ। যদিও এদিন কোহিনুর চা বাগানে কাজ হয়নি শ্রমিকদের। গত সোমবার রাতে বিজেপি কর্মী এবং নেতৃত্বরা বিভিন্ন দাবি দাবার ভিত্তিতে কোহিনূর চা বাগানের অফিসে তালা দিয়েছিলেন। এর ফলে কোহিনূর চা বাগানের কাজ বন্ধ ছিল গত দুদিন যাবত। তৃণমূল সংগঠনের নেতা কেদার নেওয়ার এর নেতৃত্বে আজ সকাল থেকে গেট মিটিং শুরু হয় দুপুর পর্যন্ত চলে গেট মিটিং। গেট মিটিং শেষে অফিসের তালা খুলে দেন তৃণমূলের নেতৃত্বরা।

# কামাখ্যাগুড়িতে আরওয়াইএফের ব্যানার ছেঁড়ার ঘটনায় চাঞ্চল্য



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার , ১৪ আগস্ট : কুমারগ্রাম ব্লকের কামাখ্যাগুড়ির সাধন চৌপথী এলাকায় আরওয়াইএফের অধিকার যাত্রার ব্যানার ছেঁড়ার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। বৃহস্পতিবার ঘটনাস্থলে আসেন আরওয়াইএফ ও পিএসইউ নেতৃত্ব। এই বিষয়ে পুলিশে লিখিত অভিযোগ করা হয়েছে। উল্লেখ্য, আগামী ৩১ আগস্ট নানা দাবিতে কোচবিহার থেকে অধিকার যাত্রা শুরু করবে বাম যুব সংগঠন আরওয়াইএফ। ওই কর্মসূচিকে সামনে রেখে কামাখ্যাগুড়ির সাধন চৌপথীতে একটি ব্যানার লাগানো হয়েছিল। এদিন সংগঠনের সদস্যরা দেখেন, ওই ব্যানারটি ছিঁড়ে দেওয়া হয়েছে। এদিন ঘটনাস্থলে আসেন আরওয়াইএফের আলিপুরদুয়ার জেলা সভাপতি কিশোর মিঞ্জ, পিএসইউ'র আলিপুরদুয়ার জেলা সম্পাদক রাজীব হুসেন প্রমুখ নেতৃত্ব। এই ঘটনার তীব্র নিন্দা করেন আরওয়াইএফ ও পিএসইউ নেতৃত্ব।

# পাইথনকে ঘিরে চাঞ্চল্য এলাকায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ আগস্ট : বিশালাকার বার্মিজ পাইথন উদ্ধার ঘিরে চাঞ্চল্য মাদারিহাট ব্লকের দক্ষিণ মাদারিহাট এলাকায় । এদিন সকালে স্থানীয় বাসিন্দারা দেখতে পান ধানক্ষেতের নেটের জালে আটকে পড়েছে একটি বিশালাকার বার্মিজ পাইথন। পরে বনদপ্তর কে খবর দেয় স্থানীয়রা। ঘঠনাস্থলে বনকর্মীরা পৌছে পাইথনটিকে উদ্ধার করে নিয়ে যায়।



# কালচিনিতে বাইক র‍্যালি করে তিরঙ্গা যাত্রা বিজেপির



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৪ আগস্ট : আলিপুরদুয়ার জেলার কালচিনি বিধানসভা এলাকার তিন নম্বর মন্ডলের উদ্যোগে বৃহস্পতিবার কালচিনিতে তিরঙ্গা যাত্রা উপলক্ষ্যে আয়োজিত হয় বাইক র‍্যালি। এদিনের বাইক র‍্যালিতে অংশগ্রহণ করেন দলের আলিপুরদুয়ার জেলা সভাপতি মিঠু দাস, কালচিনির বিধায়ক বিশাল লামা সহ দলের অন্যান্য কার্যকর্তাগন ও এলাকার সাধারন মানুষ। বাইক র‍্যালিটি কালচিনির বিভিন্ন পথ পরিক্রমা করে। বিজেপির আলিপুরদুয়ার জেলা সভাপতি মিঠু দাস জানান তিরঙ্গা যাত্রার অঙ্গ হিসাবে এদিন বাইক র‍্যালি আয়োজিত হয়।

# নাশকতা এড়াতে তল্লাশি শুরু হলো আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৪ আগস্ট : আলিপুরদুয়ার সার্কিট হাউস, ডুয়ার্স কন্যা, প্যারেড গ্রাউন্ড সহ বিভিন্ন এলাকায় তল্লাশি চালানো হয়েছে স্নিফার ডগ দিয়ে বৃহস্পতিবার বেলা সকাল থেকেই। রাত পোহালেই শুক্রবার ১৫ ই আগস্ট স্বাধীনতা দিবস। স্বাধীনতা দিবসের প্রাক্কালে আলিপুরদুয়ার জেলা শহরের বিভিন্ন প্রশাসনিক ভবন থেকে শুরু করে বিভিন্ন জায়গায় নাশকতা এড়াতে তল্লাশি চালানো হচ্ছে স্নিফার ডগ দিয়ে। বৃহস্পতিবার এবং শুক্রবার আলিপুরদুয়ার জেলার বিভিন্ন প্রান্তে নাশকতা এড়াতে তল্লাশি চালানো হবে স্নিফার ডগ দিয়ে। এদিন আলিপুরদুয়ার জেলা শহরের জংশনসহ বিভিন্ন এলাকায় যাত্রীবাহী গাড়ি থেকে শুরু করে চার চাকার গাড়িগুলোতে তল্লাশি চালায় আলিপুরদুয়ার জেলা পুলিশ। মূলত স্বাধীনতা দিবসের দিন শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্যই নাকা অভিযান শুরু হয়েছিল সকাল থেকেই।

# ভুটান পাহাড়ের পাদদেশে সরকারি জমি বিক্রির অভিযোগ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার,১৪ আগস্ট : সরকারি জমি বিক্রির অভিযোগ বিধায়কের। কুমারগ্রাম ব্লকের ময়নাবাড়ি এলাকায় সরকারি জমি বিক্রি করে দেওয়ার অভিযোগ তুললেন কুমার গ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাও। তিনি অভিযোগ করেন ভুটান পাহাড়ের পাদদেশে প্রায় ১৫ বিঘা সরকারি জমি কলকাতার এক ব্যবসায়ী কিনে ঘেরা দিয়েছে। অবৈধ খনন করার অভিযোগও তুলেছেন তিনি। এর ফলে ঢোকসা ঝোড়ার জল ময়নাবাড়ী এলাকার গ্রামগুলিতে ঢুকে পড়ছে এবং বন্যা পরিস্থিতি তৈরি করছে। পাহাড়ে বৃষ্টি হলেই জলমগ্ন হয়ে পড়ছে পাহাড়ের পাদদেশে থাকা গ্রামগুলি। প্রতিবছর লক্ষ লক্ষ টাকা খরচ করে অপরিকল্পিত ভাবে বাঁধের কাজ করা হচ্ছে। কিন্তু সেটা এলাকার বাসিন্দাদের কোন কাজেই লাগছে না। এই অবৈধ নির্মাণ কাজ শুরু হওয়ার ফলেই জল ঢুকে পড়ছে গ্রামগুলিতে।। খুব শীঘ্রই এ ব্যাপারে বনদপ্তর পূর্ত দপ্তর এবং মুখ্যমন্ত্রী কে চিঠি দিয়ে বিস্তারিত জানাবো। ঢোকসাবাদ নির্মাণ করার পাশাপাশি এই অবৈধ দখলের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়ার দাবি জানাচ্ছি।

# নিউ শোভাগঞ্জে বেহাল অবস্থায় বাঁশের সাঁকো



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১৪ আগস্ট : আলিপুরদুয়ার জেলা শহরের নিউ শোভাগঞ্জ থেকে নোনাই নদী পার হয়ে চ্যাংপাড়া এলাকায় যাওয়ার বাঁশের সাঁকো বেহাল অবস্থায় পড়ে রয়েছে এমনটাই দেখা গেছে ওই এলাকায় গিয়ে বৃহস্পতিবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ। জনগণের যাতায়াতের জন্য তৈরি করা হয়েছে এই বাঁশের সাঁকো। জীবনের ঝুঁকি নিয়ে আমজনতা চলাফেরা করছে বাঁশের সাঁকো দিয়ে প্রতিনিয়ত। বাইক কিংবা দুই চাকার যান সহ টোটো যাতায়াতের কোন রকম পরিস্থিতি নেই এই বাঁশের সাঁকোর উপর দিয়ে। ভোট আসে ভোট যায় রাজনৈতিক নেতারা প্রতিশ্রুতি দেয় কিন্তু বাঁশের সাঁকো সঠিকভাবে মেরামত করা হয় না। এরই মধ্যে পাকা ব্রীজ এর স্বপ্ন দেখেন আমজনতা।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |